তারিখ: ০১/১০/২০২৬ খ্রিষ্টাব্দ

বরাবর
সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: University of Tsukba, Japan হতে Masters কোর্স সমাপান্তে উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) পদে কর্মস্থলে যোগদান প্রসঙ্গে

সূত্র: (১) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২৪/০৬/২০২৪ তারিখের ৩৩.০০.০০০০.১০৯.১৯.০০২.২১-৪০০ সংখ্যক পত্র
(২) মৎস্য অধিদপ্তরের ২৭/০৬/২০২৪ তারিখের ৩৩.০২.০০০০.১০২.৫২.০০১.২১-৮৬৭ সংখ্যক পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে আমি নিম্নস্বাক্ষরকারী, আমার অনুকূলে মাস্টার্স কোর্সে অংশগ্রহণের নিমিত্ত ০১ জুলাই ২০২৪ হতে ৩১ অক্টোবর ২০২৬ তারিখ পর্যন্ত অথবা ডেপুটেশন আরম্ভ হওয়ার প্রকৃত তারিখ থেকে ০২ (দুই) বছর ০৪ (চার) মাসের প্রেষণাদেশ জারি করা হয় (সংযুক্তি-১)। উক্ত প্রেষণাদেশ ও মৎস্য অধিদপ্তর (সূত্র-২) এর ২৭ জুন ২০২৪ তারিখের পত্র নং ৩৩.০২.০০০০.১০২.৫২.০০১.২১-৮৬৭ (সংযুক্তি-২) মোতাবেক আমি বাংলাদেশ প্রশাসন একাডেমীতে প্রাথমিক জাপানিজ ভাষাশিক্ষা কোর্সে অংশগ্রহণ পূর্বক ১৮ অগাস্ট ২০২৪ তারিখে জাপান গমন করে University of Tsukba, Japan-এ একাডেমিক ও গবেষণা কার্যক্রমে অংশগ্রহণ করি।

আমি আমার সুপারভাইজার, Dr. Helmut Yabar এর তত্ত্বাবধানে "**GIS-based Marine Resources Mapping, Satellite Environmental Monitoring, and Governance Assessment of Nijhum Dwip Marine Protected Area, Bangladesh**" শীর্ষক মূল গবেষণা সম্পন্ন করেছি। University of Tsukba, Japan-এ সম্পাদিত আমার কার্যক্রম সমাপান্তে অর্জিত একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং গ্রাজুয়েশান সার্টিফিকেট এতদসংগে সংযুক্ত করা হলো। উল্লেখ্য, প্রেষণাদেশ সম্পন্ন হওয়ার ১ মাস পূর্বেই আমি আমার মাস্টার্স কোর্সের সমস্ত কার্যক্রম সম্পন্ন করি। সুতরাং, প্রেষণাদেশের অবশিষ্ট সময় বাতিল করা যেতে পারে।

এমতাবস্থায়, আমি অদ্য ০১/১০/২০২৬ খ্রি. তারিখ পূর্বাহ্নে উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা হিসেবে এ মন্ত্রণালয়ের সচিব মহোদয় বরাবর যোগদান করলাম।

অতএব, আমার যোগদানপত্রটি গ্রহণপূর্বক প্রেষণাদেশের অবশিষ্ট ১ মাস বাতিল করার জন্য মহোদয় সমীপে সবিনয় অনুরোধ জানাচ্ছি।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
যুগ্মসচিব (প্রশাসন) এর দপ্তর
ডাইরী নং ১৩১৬ তারিখ ০৫/১০/২৬



আমিষেই শক্তি, আমিষেই মুক্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-১ শাখা
www.mofl.gov.bd

তারিখ: ১৬ কার্তিক ১৪৩৩ / ০১ নভেম্বর ২০২৬

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.০০০.১২৬.০৫.০০৫৫.১৫.৭৭১

বিষয়: পৃষ্ঠাঙ্কন

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

সংযুক্তিসমূহঃ

(১) এ মন্ত্রণালয়ের আদেশ
(২) ট্রান্সক্রিপ্ট
(৩) মৎস্য অধিদপ্তরের অফিস আদেশ
(৪) সার্টিফিকেট

০১-১১-২০২৬
মোহাম্মদ কামাল হোসেন
উপসচিব
ফোন : ৯৫৪৫৮১৯
ইমেইল : fisheries-1@mofl.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব, মৎস্য অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
২। যুগ্মসচিব, মৎস্য অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৩। মহাপরিচালক (ভারপ্রাপ্ত), মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর।
৪। উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, ঢাকা (গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।।
৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।।
৬। মন্ত্রীর একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), মন্ত্রীর দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৭। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৮। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৯। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
১০। জনাব মোঃ শামীম রেজা, উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ), মৎস্য অধিদপ্তর, ঢাকা।।